অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/23/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো প্রশাসনে মনোনয়ন ও নির্বাচিতদের নাম ঘোষণা করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নতুন মনোনয়ন ঘোষণা করেছেন যা সিনেট কর্তৃক নিশ্চিত করা হয়েছে এবং তার প্রশাসনে নিয়োগ প্রদান করা হয়েছে।

"COVID মহামারী সারা দেশের সরকারের উপর একটি চাপ পরীক্ষা করার মতো বিষয় ছিল, কিন্তু যেসব মানুষের জন্য সরকার কাজ করে তার প্রকৃত অর্থ কী তা নিউ ইয়র্ক দেখিয়েছে," **গভর্নর কুওমো বলেন**। "আমাদের দলে নতুন সংযোজন দক্ষতা এবং জ্ঞানের একটি সমন্বয় নিয়ে আসে যা অমূল্য হবে যেহেতু আমরা COVID সংকট থেকে আরো ভালোভাবে গড়ে তুলতে এবং নিউ ইয়র্ক স্টেটের জনগণের জন্য সাহসী, প্রগতিশীল সাফল্য অর্জনের রেকর্ড অব্যাহত রাখতে কাজ করি।"

স্টিভেন এম. কোহেন গভর্নর কুওমো কতৃর্ক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক নগর উন্নয়ন কর্পোরেশন (Urban Development Corporation)-এর সদস্য হিসেবে নিশ্চিত করেছেন এবং তিনি চেয়ারম্যান, এবং অর্থ নিয়ন্ত্রণ বোর্ড (Financial Control Board)-এর একজন সদস্য হিসেবে মনোনীত হবেন। জনাব কোহেন পূর্বে ম্যাকঅ্যান্ড্রুজ অ্যান্ড ফোর্বস ইনকর্পোরেটেড (MacAndrews & Forbes Incorporated)-এর জেনারেল কাউন্সেল এবং চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ছিলেন। এরও পূর্বে জনাব কোহেন নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করার পাশাপাশি অ্যাটর্নি জেনারেল কুওমোর অধীনে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের কার্যালয় (Office of the New York Attorney General)-এ কাউন্সেলর এবং চিফ অব স্টাফ হিসেবেও দায়িত্ব পালন করেছিলেন। ব্যক্তিগত ক্ষেত্রে, জনাব কোহেন মিশ্র বাণিজ্যিক, অপরাধ এবং নিয়ন্ত্রক বিষয়ক কর্পোরেশন ও ব্যক্তিদের একটি বিস্তৃত পরিসরের প্রতিনিধিত্ব করেছিলেন। জনাব কোহেন এর পূর্বে নিউ ইয়র্কের দক্ষিণাঞ্চলীয় ডিস্ট্রিক্টের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাটর্নির কার্যালয়ে (U.S. Attorney's Office) সহিংস দল ইউনিট (Violent Gangs Unit)-এর প্রধান হিসেবেও দায়িত্ব পালন করেছিলেন। জনাব কোহেন নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University) থেকে B.A. এবং ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া ল স্কুল (University of Pennsylvania Law School) থেকে J.D. ডিগ্রী লাভ করেন। তিনি নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ড (New York University Board of Trustees), ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া ল স্কুল বোর্ড অব অ্যাডভাইজরস (University of Pennsylvania Law School Board of Advisors), ব্যাংক লিউমি USA বোর্ড অব ডিরেক্টরস (Bank Leumi USA Board of Directors) এবং হোল আর্থ ব্র্যান্ডস বোর্ড অব ডিরেক্টরস (Whole Earth Brands Board of Directors)-এর সদস্য। তিনি বর্তমানে গেটওয়ে

ডেভেলপমেন্ট কর্পোরেশন (Gateway Development Corporation)-এর নিউ ইয়র্ক ট্রাস্টি হিসেবে দায়িত্ব পালন করেন এবং পূর্বে NY ও NJ বন্দর কর্তৃপক্ষের ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।

হাওয়ার্ড জেমস্কি গভর্নর কুওমো কর্তৃক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Urban Development Corporation)-এর চেয়ারম্যান এমেরিটাস হিসেবে নিশ্চিত হয়েছেন যেখানে তিনি আপস্টেটের অর্থনৈতিক উন্নয়নে তার মহান কাজ চালিয়ে যাবেন। জনাব জেমস্কি পূর্বে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESDC)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অর্থনৈতিক উন্নয়ন বিভাগের কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি চার বছর ধরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Western New York Regional Economic Development Council)-এর সহ-সভাপতির দ্বায়িত্ব পালন এবং গভর্নরের বাফেলো বিলিয়ন উদ্যোগে ঘনিষ্ঠভাবে যুক্ত করেন। জেমস্কি মিশিগান স্টেট ইউনিভার্সিটি (Michigan State University) থেকে ব্যাচেলর ডিগ্রী এবং ইউনিভার্সিটি অব রোচেস্টার (University of Rochester) থেকে M.B.A সম্পন্ন করেছেন।

লোলা ব্রাভাম গভর্নর কুওমো কর্তৃক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক নিউ ইয়র্ক স্টেট সিভিল সার্ভিস কমিশন (New York State Civil Service Commission)-এর কমিশনার এবং প্রেসিডেন্ট হিসেবে নিশ্চিত হয়েছেন। তিনি বর্তমানে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (New York State Department of Civil Service)-এর ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন। 2019 সালে গভর্নর কুওমো মিস. ব্রাভামকে সিভিল সার্ভিস কমিশনের সদস্য হিসেবে নিযুক্ত করেছিলেন এবং কমিশনের সভাপতি হিসেবে মনোনীত হয়েছিলেন। পূর্বে মিস ব্র্যাবহ্যাম সিভিল সার্ভিস অধিদপ্তরের (Department of Civil Service) ভারপ্রাপ্ত কমিশনার ও নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে কাজ করেছেন। এর পূর্বে, তিনি প্রশাসনের ডেপুটি কমিশনার এবং স্টেটের শ্রম অধিদপ্তরের (Department of Labor) প্রধান ফাইন্যান্সিয়াল কর্মকর্তা হিসেবে, এবং স্টেটের বাজেট ডিভিশনের (Division of the Budget) প্রধান বাজেট পরীক্ষক হিসেবে কাজ করেছেন। তিনি ছিলেন স্বাস্থ্য, মেডিকেইড ও ওভারসাইটের সহকারী সেক্রেটারি এবং গভর্নর ডেভিড প্যাটারসনের অধীনে নির্বাহী চেম্বারে মানব সেবার পরিচালক। এছাড়াও তিনি ওয়েস এন্ড মিনস এর অ্যাসেম্বলি কমিটির বিধানিক বাজেট বিশ্লেষক, এবং তার ক্যারিয়ারের শুরুর দিকে অ্যাসেম্বলিম্যান এন. নিক পেরির স্টাফ প্রধান হিসেবে কাজ করেছেন। মিস ব্র্যাবহ্যাম নিউ ইয়র্ক স্টেট বিশ্ববিদ্যালয় (State University of New York) থেকে অপরাধ ন্যায়বিচার ও সমাজবিজ্ঞানে দ্বৈত বি.এ. করেছেন এবং রকফেলার কলেজ অব পাবলিক অ্যাফেয়ার্স এন্ড পলিসি (Rockefeller College of Public Affairs and Policy) থেকে M.P.A. করেছেন।

ড. মেরিল টিশ কে SUNY বোর্ড অব ট্রাস্টিস (SUNY Board of Trustees)-এর চেয়ারম্যান হিসেবে পুনরায় নিযুক্ত করা হয়েছে। 2019 সালে গভর্নর কুওমো ড. টিশকে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করেছিলেন। এর আগে 2018 সালের মার্চ মাস থেকে তিনি SUNY বোর্ড অব ট্রাস্টিস (SUNY Board of Trustees)-এর ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।

এর আগে ড. টিশ 20 বছর ধরে রিজেন্ট বোর্ডের সদস্য ছিলেন এবং 2007 থেকে 2009 পর্যন্ত ভাইস চ্যান্সেলর পদে ছিলেন। নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস বোর্ড (New York State Board of Regents,) -এর চ্যান্সেলর হিসেবে ড. টিশ স্টেটের শিক্ষানীতি নির্ধারণ এবং নিউ ইয়র্ক জুড়ে সরকারি ও বেসরকারী উভয় শিক্ষার তত্বাবধানের দায়িত্বে ছিলেন। নিউ ইয়র্ক সিটির রামেজ স্কুল (Ramaz School) এবং ব'নেই জেশুরুন স্কুল (B'nai Jeshurun School)-এর প্রথম-গ্রেডের শিক্ষক হিসাবে দায়িত্ব পালন সহ তার নীতিগুলো শিক্ষা ক্ষেত্র, সমাজসেবা এবং জনহিতকর কাজে বহু বছরের অভিজ্ঞতা দ্বারা সমৃদ্ধ হয়েছে। তিনি বারনার্ড কলেজ (Barnard College) থেকে ব্যাচেলর অব আর্টস (B.A.), শিক্ষায় নিউ ইয়র্ক ইউনিভার্সিটি (New York University) থেকে মাস্টার্স অব আর্টস (M.A.), এবং কলাম্বিয়া ইউনিভার্সিটির (Columbia University), টিচার্স কলেজ (Teacher's College) থেকে একটি ডক্টর অব এডুকেশন (Ed.D) ডিগ্রি লাভ করেছে।

ক্যামিলি ভারলাক SUNY বোর্ড অব ট্রাস্টিস এ ট্রাস্টি হিসেবে নিযুক্ত হয়েছেন। মিস. ভারলাক বর্তমানে পিয়ার্স বেইনব্রিজ বেক প্রাইস অ্যান্ড হেচট LLP (Pierce Bainbridge Beck Price & Hecht LLP)-এর চিফ অপারেটিং অফিসার এবং ডেপুটি জেনারেল কাউন্সেল। তিনি পূর্বে গভর্নর কুওমোর স্টেট অপারেশনের ডেপুটি ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন। 2017 সালে, তিনি নিউ ইয়র্ক স্টেট চিফ রিস্ক অফিসার এবং বিশেষ পরামর্শদাতা হিসেবে নিযুক্ত হয়েছিলেন। মিজ. ভারলাক নির্বাহী চেম্বারে নীতিশাস্ত্র, ঝুঁকি এবং সম্মতি বিষয়ক উপ-পরিচালক এবং নিউ ইয়র্ক স্টেটে সুপ্রীম কোর্টের প্রধান আইনি ক্লার্ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি AXA ফিন্যান্সিয়াল, ইনকর্পোরেটেড (AXA Financial, Inc.)-এ সহকারী ভাইস প্রেসিডেন্ট ও উপদেষ্টা হিসেবে এবং কিংস কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিস (Kings County District Attorney's Office)-এর সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে কাজ করেছেন। মিস. ভারলাক বাফেলোতে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক থেকে B.A. এবং ব্রুকলিন ল স্কুল থেকে J.D. সম্পন্ন করেন।

জেমস হাডন SUNY বোর্ড অব ট্রাস্টিস এ একজন ট্রাস্টি হিসেবে নিযুক্ত হন। জনাব হাডন বর্তমানে রামিরেজ অ্যাসেট ম্যানেজমেন্ট (Ramirez Asset Management, RAM)-এর কৌশলগত বিপণনের একজন ব্যবস্থাপনা পরিচালক। তিনি জানুয়ারি 2015 সালে RAM-এ যোগদান করেন এবং সম্পদ ব্যবস্থাপনা ও বিনিয়োগ ব্যাংকিং ব্যবসায় 36 বছরের বেশি সময় ধরে কাজ করেছেন। RAM-এ তিনি পেনশন তহবিল, স্টেট ও স্থানীয় সরকার এবং কর্পোরেশনের কাছে RAM-এর নির্দিষ্ট আয়ের পণ্য এবং সেবা বিপণনের দায়িত্বে থাকেন। RAM-এ যোগদানের আগে, জনাব হাডন PFM অ্যাসেট ম্যানেজমেন্টে 5 বছর নিযুক্ত ছিলেন যেখানে তিনি জাতীয় অ্যাকাউন্ট বিপণনের দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। PFM অ্যাসেট ম্যানেজমেন্টের আগে তিনি সিটিগ্রুপে বিভিন্ন সম্পদ বিষয়ক তহবিল সংগ্রহ এবং বিনিয়োগ ব্যাংকিং ভূমিকায় কাজ করতেন। তিনি ওয়েসলিয়ান ইউনিভার্সিটি (Wesleyan University) থেকে অর্থনীতিতে ব্যাচেলর এবং স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি (Stanford University) থেকে MBA ডিগ্রি অর্জন করেন।

মার্কোস এ. ক্রেসপো SUNY বোর্ড অব ট্রাস্টিতে ট্রাস্টি হিসেবে নিযুক্ত হয়েছেন। এর আগে, জনাব ক্রেসপো নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির একজন সদস্য ছিলেন - 2009 সালে নিউ ইয়র্ক স্টেট আইনসভার সর্বকনিষ্ঠ সদস্যদের মধ্যে একজন - ৪5তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব

করেছিলেন, যার মধ্যে রয়েছে সাউন্ডভিউ (Soundview), ক্লাসন পয়েন্ট (Clason Point), লংউড (Longwood) এবং সাউথ ব্রঙ্কসের হান্টস পয়েন্ট (Hunts Point) সেকশনসমূহ। ক্ষমতায় থাকাকালীন সময়ে অ্যাসেম্বলিম্যান ক্রেসপো মদ্যপান ও মাদকদ্রব্যের অপব্যবহার, সিটি; বিদ্যুৎ; পরিবেশ সংরক্ষণ; বীমা এবং পরিবহনসহ বেশ কয়েকটি কমিটিতে দায়িত্ব পালন করেছিলেন। তিনি কৃষ্ণাঙ্গ, পুয়ের্টো রিকান, হিস্পানিক এবং এশিয়ান লেজিসলেটিভ ককাস (Black, Puerto Rican, Hispanic & Asian Legislative Caucus), পুয়ের্টো রিকান/হিস্পানিক টাস্ক ফোর্সের চেয়ারম্যান এবং জনসংখ্যাতাত্ত্বিক গবেষণা ও পুনর্বাসন বিষয়ক সংসদীয় টাস্ক ফোর্সের কো-চেয়ারম্যান ছিলেন। জনাব ক্রেসপো জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস (John Jay College of Criminal Justice) থেকে গ্রাজুয়েট করেন, তিনি বিবাহিত এবং তার দুইটি তরুণী কন্যা আছে।

উইলিয়াম থম্পসন, জুনিয়র গভর্নর কুওমো কর্তৃক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক অর্থ নিয়ন্ত্রণ বোর্ড (Financial Control Board)-এর সদস্য হিসেবে নিশ্চিত হয়েছেন। দেশের অন্যতম বৃহৎ শহরগুলির আর্থিক ব্যবস্থাপনায় জনাব থম্পসনের ব্যাপক অভিজ্ঞতা তাকে স্থানীয় মিউনিসিপ্যাল ইস্যুকারীদের চাহিদা সম্পর্কে অনন্য অন্তর্দৃষ্টি প্রদান করেছে। নিয়ন্ত্রক হিসেবে, জনাব থম্পসন পাঁচটি নিউ ইয়র্ক সিটি পেনশন তহবিলের তত্ত্বাবধায়ক এবং বিনিয়োগ উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন, যেখানে তিনি তার মেয়াদ শেষে 100 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সম্মিলিত পোর্টফোলিও পরিচালনা করেন। এই দায়িত্বকালীন, জনাব থম্পসন নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী মূল্যের আবাসন এবং বাণিজ্যিক রিয়েল এস্টেটে শত শত মিলিয়ন ডলার বিনিয়োগ করেন। তার আমলে, জনাব থম্পসন নিউ ইয়র্ক স্টক এক্সচেঞ্জের কার্যক্রম সংস্কারের জন্য আর্থিক সেবা বিষয়ক শিল্পের নেতাদের সাথে কাজ করেন এবং সিটির উদ্ভাবনী ব্যাংকিং ডেভেলপমেন্ট ডিস্ট্রিক্ট প্রোগ্রাম-এর নেতৃত্ব দেন। নিয়ন্ত্রক হিসেবে কাজ করার আগে তিনি ব্রুকলিনের ডেপুটি বরো প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক সিটি বোর্ড অব এডুকেশন (New York City Board of Education)-এর সদস্য এবং পাঁচ মেয়াদের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব থম্পসন 1990-এর দশকের মাঝামাঝি সময়ে পাবলিক ফিন্যান্স-এ সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব থম্পসন টাফটস ইউনিভার্সিটি (Tufts University) থেকে গ্রাজুয়েট সম্পন্ন করেন।

সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো গভর্নর কুওমো কর্তৃক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক অর্থ নিয়ন্ত্রণ বোর্ড (Financial Control Board)-এর সদস্য হিসেবে নিশ্চিত হয়েছেন। সেক্রেটারি রোসাডো নিউ ইয়র্কের স্টেট সচিব হিসেবে অভিজ্ঞতার পরিপূর্ণতা ও বৈচিত্র্য নিয়ে এনেছেন। গভর্নর কুওমো 3 ফেব্রুয়ারি, 2016 তারিখে সেক্রেটারি রোসাডোকে এই পদে নিযুক্ত করেন এবং 15 জুন, 2016 তারিখে নিউ ইয়র্ক স্টেট সিনেট সর্বসম্মতিক্রমে তাকে নিশ্চিত করে। তার নেতৃত্ব স্টেট বিভাগকে স্টেট সরকারের অন্যতম গতিশীল এজেন্সি তৈরি করতে সহায়তা করেছে। সেক্রেটারি রোসাডো El দিয়ারিও লা প্রেনসা (El Diario La Prensa)-এর প্রকাশক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তার সফল মেয়াদের জন্য সর্বাধিক পরিচিত, যেখানে তিনি বার্ষিক 22 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি রাজস্ব তত্ত্বাবধান করেন এবং 18 বছর অতিবাহিত করেন। সেক্রেটারি রোসাডো 2012 থেকে 2015 সাল পর্যন্ত নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষের বোর্ডে দায়িত্ব পালন করেছেন। সেক্রেটারি রোসাডো কুওমো প্রশাসনে যোগদানের আগে জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস (John Jay College of Criminal Justice)-এর একজন বিশিষ্ট

প্রভাষক ছিলেন এবং 2012 সাল থেকে কলেজের ফাউন্ডেশন বোর্ড অব ট্রাস্টি (Foundation Board of Trustees)-এর সদস্য ছিলেন। নিউ ইয়র্কের স্থানীয় বাসিন্দা হিসেবে সেক্রেটারি রোসাডো পেস ইউনিভার্সিটি থেকে সাংবাদিকতায় তারB.A. ডিগ্রী অর্জন করেন।

কেলি কামিংসকে গভর্নর কুওমো মনোনীত করেছেন এবং সিনেট কর্তৃক অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority) এর সদস্য হিসেবে নিশ্চিত করেছেন এবং তাকে সভাপতির মনোনীত করা হবে। মিজ. কামিংস বর্তমানে নিউ ইয়র্ক স্টেট অপারেশনস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার (New York State Operations and Infrastructure) এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি গভর্নর কুওমোর সিনিয়র উপদেষ্টা এবং ডেপুটি চিফ অব স্টাফ হিসেবে দায়িত্ব পালন করেন। গভর্নর প্রশাসনে কাজ করার আগে, তিনি সিনেটের সংখ্যাগরিষ্ঠের জন্য যোগাযোগ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এই অবস্থানে তিনি সিনেট সংখ্যাগরিষ্ঠ সম্মেলনের (Senate Majority Conference) জন্য সামগ্রিক যোগাযোগ এবং প্রেস পরিচালনা করেন এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতার প্রধান মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করেন। স্টেট আইনসভায় তার 20 বছরেরও বেশি সময় ধরে, মিজ. কামিংস সিনেট ও অ্যাসেম্বলি (Senate and Assembly)-তে যোগাযোগ ও নীতি বিষয়ক একাধিক পদে দায়িত্ব পালন করেছেন। মিজ. কামিংস এর আগে সিনেট সংখ্যালঘুদের জন্য নীতি উন্নয়ন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন যেখানে তিনি সিনেটর এবং তাদের কর্মীদের নতুন সংসদীয় উদ্যোগের উন্নয়ন, খসড়া এবং প্রচারে সহায়তা করেছেন। এর আগে মিজ. কামিংস সিনেটর চার্লস ফুশিলোর এর প্রধান ছিলেন যেখানে তিনি অপারেশন পরিচালনা করতেন, আইন প্রণয়ন করতেন এবং প্রেস ও যোগাযোগের নির্দেশনা দিয়েছেন। মিস কামিংস 2002-2005 পর্যন্ত অ্যাসেম্বলি মাইনরিটি এর জন্য যোগাযোগ পরিচালক এবং পাবলিক অ্যাফেয়ার্স (public affairs) এর পরিচালক হিসেবে কাজ করেছেন। তিনি সেন্ট লরেন্স বিশ্ববিদ্যালয় (St. Lawrence University) থেকে ব্যাচেলর অব আর্টস ডিগ্রী লাভ করেন।

সিনেটর বেটি লিটল গভর্নর কুওমো কর্তৃক মনোনীত হয়েছেন এবং সিনেট কর্তৃক অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority) এর সদস্য হিসেবে নিশ্চিত করেছেন। বর্তমানে তিনি নিউইয়র্ক রাজ্য সিনেটর হিসাবে 45 তম সিনেট ডিস্ট্রিক্টের বাসিন্দাদের প্রতিনিধিত্ব করছেন, যা ক্লিনটন, এসেক্স, ফ্রাঙ্কলিন, ওয়ারেন এবং সেন্ট লরেন্স এবং ওয়াশিংটন কাউন্টির কিছু অংশ নিয়ে গঠিত। পূর্বে 2002 সালের নভেম্বরে স্টেট সিনেটে প্রথম বিজয়ী হওয়ার আগে, সিনেটর লিটল সাত বছর নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে দায়িত্ব পালন করেন। একজন প্রাক্তন শিক্ষক, সিনেটর লিটল সিনেটের শিক্ষা কমিটির র‍্যাংকিং সংখ্যালঘু সদস্য হিসেবে কাজ করতে পেরে আনন্দিত। তিনি নিম্নলিখিত কমিটিগুলিতেও কাজ করেন: সাংস্কৃতিক বিষয়ক, পর্যটন, পার্ক এবং বিনোদন; পরিবেশ সংরক্ষণ; অর্থ; স্বাস্থ্য; আবাসন, কনস্ট্রাকশন অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট; নিউ ইয়র্ক সিটি এডুকেশন; এবং নিয়মনীতি। গ্লেনস ফলস এ জন্মগ্রহণকারী, সিনেটর লিটল সেন্ট মেরিস একাডেমী এবং কলেজ অব সেইন্ট রোজ প্রাথমিক শিক্ষার একটি ডিগ্রীর সাথে স্নাতক করেন। একজন প্রাক্তন শিক্ষক এবং রিয়েলটর, তিনি কুইন্সবারিতে থাকেন। সিনেটর লিটল ছয় সন্তানের জননী, এলিজাবেথ, ডেভিড, রবার্ট, থমাস, ক্যারোলিন এবং লিউক এবং আঠারো বছরের গর্বিত দাদী।

ব্রিগেডিয়ার জেনারেল মাইকেল এ নাতালি নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ড (New York Army National Guard) এর মেজর জেনারেল পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। তার বর্তমান দায়িত্বের আগে, তিনি নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard) এর 53 তম ট্রুপ কমান্ডের কমান্ডিং জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। মেজর জেনারেল নাতালি 2004 থেকে 2005 সাল পর্যন্ত 42 তম পদাতিক ডিভিশনের ডেপুটি ইন্টেলিজেন্স অফিসার হিসেবে ইরাকে একটি যুদ্ধেও দায়িত্ব পালন করেছিলেন। তিনি নরউইচ বিশ্ববিদ্যাল (Norwich University) থেকে স্নাতক, মারিস্ট কলেজ (Marist College) থেকে লোকপ্রশাসনে মাস্টার্স লাভ করেন এবং U.S. আর্মি ওয়ার কলেজ (U.S. Army War College) থেকে মাস্টার অব স্ট্র্যাটেজিক স্টাডিজ লাভ করেন।

নিউ ইয়র্ক স্টেট কোর্ট অব ক্লেইমস (New York State Court of Claims)

নিম্নোক্ত ব্যক্তিগণ নিউ ইয়র্ক স্টেট কোর্ট অব ক্লেইমস-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- ভেরোনিকা জি. হুম্মেল
- মাননীয় চার্লস এম. ট্রোয়া
- মাননীয় আদ্রিয়ান এন. আর্মস্ট্রং
- অ্যাডাম ডব্লিউ. সিলভারম্যান

অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ (Olympic Regional Development Authority, ORDA)

নিম্নোক্ত ব্যক্তিগণ অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- ডায়ান মুনরো
- এলিনোর টাটাম
- টমাস কিগান

নিউ ইয়র্ক স্টেট মাইনরিটি হেল্থ কাউন্সিল

নিম্নোক্ত ব্যক্তিগণ নিউ ইয়র্ক স্টেট মাইনরিটি হেলথ কাউন্সিল-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- এনগোজি মোজেস
- গুইলারমো চ্যাকন
- লারে ব্রাউন
- তান্দ্রা লাগ্রোন
- মক্কা (সান্তানা) মিচেল

- ড. লুইস ফ্রেডি মোলানো
- রেভ. ডায়ান হল্ট
- হেলেন আর্তেগা ল্যান্ডাভার্দে

নিউ ইয়র্ক স্টেট বিহেভিয়ারাল হেল্থ সার্ভিসেস উপদেষ্টা কাউন্সিল (New York State Behavioral Health Services Advisory Council)

নিম্নোক্ত ব্যক্তিগণ নিউ ইয়র্ক স্টেট বিহেভিয়ারাল হেলথ সার্ভিসেস উপদেষ্টা কাউন্সিল-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- গ্লেন লিবম্যান
- চাকু মাথাই
- মাইকেল ওর্থ
- কার্লি হালসিজার
- ব্রায়ানা গাওয়ার
- ডেবরা প্যান্টিন
- ইয়ান শ্যাফার
- ইয়ু এনজি
- ডেভিড উডলক
- কেরি হুইলান-মেগলি
- প্যাট্রিক সেচে
- কন্সটেন্স উইল
- হিল্ডা রোজারিও এসচার

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি (New York State Bridge Authority)

নিম্নোক্ত ব্যক্তিগণ নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটি-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- লু লানজা
- মাইকেল ও'ব্রায়েন
- ইয়ান গিবার্ট
- জোয়ান ম্যাকডোনাল্ড
- আলেকজান্ডার বেরার্ডি
- মারিয়া ব্রুনি
- কলিন জার্ভিস

নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথোরিটি (Niagara Frontier Transportation Authority)

নিম্নোক্ত ব্যক্তিগণ নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটি-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- জেনিফার পার্সিকো
- রেভ. মার্ক ব্লু
- স্টিফেন টাকার

অগডেনসবার্গ ব্রিজ ও বন্দর কর্তৃপক্ষ (Ogdensburg Bridge and Port Authority)

নিম্নোক্ত ব্যক্তিগণ অগডেনসবার্গ ব্রিজ ও বন্দর কর্তৃপক্ষ-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- টনি কেনেডি
- জেনিফার কুইর্ক-পিকম্যান
- নিকোল টার্মিনেলি
- মেগান হুইটন
- ভার্নন "স্যাম" বার্নস

স্টুয়ার্ট এয়ারপোর্ট কমিশন (Stewart Airport Commission)

নিম্নোক্ত ব্যক্তি স্টুয়ার্ট এয়ারপোর্ট কমিশন-এর জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো কর্তৃক মনোনীত এবং সিনেট কর্তৃক অনুমোদিত:

- রজার হিগিন্স

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন